হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২৮ ঃ মেহেরপুর-সোমবার ১০ নভেম্বন ২০২৫ ইং ঃ ২৫ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১৮ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




রানির বেশে নজর কাড়লেন বুবলী -পৃষ্ঠা-৩

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর

# মেহেরপুরে ৩০৮ প্রাথমিক বিদ্যালয়ে কর্মবিরতি

নিজস্ব প্রতিবেদক

তিন দফা দাবি আদায় ও শিক্ষকদের ওপর পুলিশি নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরের ৩০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকালও সহকারী শিক্ষকরা কর্মবিরতি পালন করছেন। এতে চরম ঝুকিতে পড়েছে পরীক্ষার মুখে থাকা প্রায় ৭০ হাজার শিক্ষার্থীর ভবিষৎ। আগামী ২২ ডিসেম্বর প্রাথমিক বৃত্তি পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও, ক্লাস বন্ধ থাকায় শিক্ষার্থীদের প্রস্তুতি এখন বড় ধরনের ঝুঁকিতে।



মেহেরপুর জেলার মোট ৩০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৭০ হাজার শিক্ষার্থী পড়াশোনা করে। সহকারী শিক্ষকদের চলমান কর্মবিরতির কারণে শিক্ষা কার্যক্রমে স্থবিরতা নেমে এসেছে। বিশেষ করে ২২ ডিসেম্বরের বৃত্তি ও বার্ষিক পরীক্ষাকে ঘিরে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে তৈরি হয়েছে চরম উদ্বেগ ও উৎকণ্ঠা। প্রতিদিন স্কুলে গিয়ে ক্লাস না পেয়ে হতাশ হয়ে বাড়ি ফিরছে শিক্ষার্থীরা। চতুর্থ শ্রেণির শিক্ষার্থী আয়েশা খাতুন বলেন, "পরীক্ষার এত কাছাকাছি সময়ে টানা ক্লাস বন্ধ থাকায় আমাদের পড়াশোনায় বড় ক্ষতি হচ্ছে। যেসব অধ্যায় শেষ হওয়ার কথা ছিল, সেগুলো এখনো অসম্পূর্ণ। শিক্ষকরা না পড়ানোয় আমরা পরীক্ষার প্রস্তুতি নিতে পারছি না।" অভিভাবক মারুফ রহমান বলেন, "এই অবস্থায় পরীক্ষার ফলাফলও নেতিবাচক হবে। স্কুলের নিয়মিত ক্লাসের মতো মানসম্মত পড়াশোনা বাড়িতে করানো সম্ভব নয়। অনেক কর্মজীবী অভিভাবক তো সন্তানের পড়াশোনার দেখাশোনার সময়ই পান না। তাই এই কর্মবিরতি চলতে থাকলে শিশুদের ভবিষ্যৎ সরাসরি ক্ষতিগ্রস্ত হবে।" সহকারী শিক্ষক শংকর কুমার জানান, "ঢাকার কেন্দ্রীয় তিন দফা দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে আমরা মাঠে নেমেছি। পুলিশি নির্যাতনের ঘটনায় দেশের বিভিন্ন স্থানে বহু শিক্ষক আহত হয়েছেন, যা আন্দোলন দমন করার উদ্দেশ্যে পরিকল্পিতভাবে করা হয়েছে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত কর্মবিরতি চলবে।" বামনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফরোজা তুলি বলেন, "দশম গ্রেডের দাবিতে শিক্ষকরা আন্দোলনে নেমেছেন। প্রশাসনের গুলিতে অনেক সহকারী শিক্ষক আহত হয়েছেন। ফলে তারা ক্লাসে ফিরছেন না। শিক্ষার্থীরা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরসহ আরও ১৪ জেলায় নতুন জেলা প্রশাসক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরসহ দেশের আরও ১৪ জেলায় নতুন জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ দিয়েছে সরকার। এ বিষয়ে রোববার (৯ নভেম্বর) সন্ধ্যার পর প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। নতুন ডিসি পাওয়া জেলাগুলো হলো– ব্রাহ্মণবাড়িয়া, ঝিনাইদহ, নড়াইল, জামালপুর, মেহেরপুর, কিশোরগঞ্জ, ঝালকাঠি, গোপালগঞ্জ, চুয়াডাঙ্গা, পঞ্চগড়, জয়পুরহাট, ময়মনসিংহ, মানিকগঞ্জ ও চাঁদপুর। ডিসিদের মধ্যে দুজনের জেলা বদল করা হয়েছে, আর বাকি ১২ জেলায় নিয়োগ পেয়েছেন নতুন মুখ। নড়াইলের জেলা প্রশাসক শারমিন আক্তার জাহান বদলি হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## শাপলা তুলতে গিয়ে চার শিক্ষার্থীর মৃত্যু

### রাজনগর গ্রামে শোকের মাতম

নিজস্ব প্রতিবেদক

শিশুরা শাপলা তুলেছিল রঙিন স্বপ্ন নিয়ে। কে জানত সেই শাপলার ফুলই এক মুহূর্তে কাড়বে চারটি কোমল প্রাণ! বিলের জলে ভেসে থাকবে কিছু ছেঁড়া শাপলার ডাঁটা আর বিলের ধারে পড়ে থাকবে ছোট ছোট জুতোগুলো । যা দেখে গ্রামজুড়ে নেমে আসে নিস্তব্ধতা আর শোকের মাতম।

গতকাল রবিবার বিকেলের কোমল আলোয় চার বান্ধবী ফাতেমা, মিম, আফিয়া ও আলেয়া কেউ বালতি হাতে, কেউ মুখভরা হাসি নিয়ে মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের মশারি ভাজা বিলে নামে শাপলা তুলতে। কিন্তু কিছুক্ষণের মধ্যেই তাদের হাসি মিলিয়ে যায় পানির গভীরে। বিকেল গড়িয়ে সন্ধ্যা হলেও মেয়েগুলোর কোনো খোঁজ পাওয়া যায় না। উদ্বেগে খুজে বেড়ায় মা-বাবারা। হঠাৎ বিলের ধারে পড়ে থাকা ছোট ছোট জুতোগুলো দেখে আঁতকে ওঠে সবাই। শুরু হয় আর্তনাদ, কান্না, অস্থির অপেক্ষা। খবর পেয়ে ফায়ার সার্ভিসের উদ্ধারকর্মীরা পৌঁছান ঘটনাস্থলে। ঘণ্টাখানেক তল্লাশির পর একে একে ভেসে ওঠে চারটি নিথর দেহ। তাতে তখনও লেগে ছিল কাদা ও শাপলার রঙ। চার শিশুর লাশ দেখে কান্নায় ভেঙে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন কমিটির মাসিক সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে রবিবার জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলার বিভিন্ন প্রশাসনিক ও সামাজিক কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সভাগুলোতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। সভায় অংশগ্রহণ করেন পুলিশ সুপার মনজুর আহমেদ সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. একেএম আবু

২-এর পৃষ্ঠা দেখুন

## বিআরটিসি বাসের ধাক্কায় পথচারী নিহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বিআরটিসি বাসের ধাক্কায় শরিফুল ইসলাম (৩৫) নামে এক পথচারী নিহত হয়েছেন। রবিবার (৯ নভেম্বর) সকাল সাড়ে সাতটার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের ব্র?্যাক অফিসের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত শরিফুল ইসলাম শহরের মল্লিকপাড়া এলাকার খাদেমুল ইসলামের ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে শরিফুল ইসলাম সড়ক পার হচ্ছিলেন। এ সময় মেহেরপুর থেকে রাজশাহীর উদ্দেশে ছেড়ে যাওয়া একটি বিআরটিসি বাস তাকে ধাক্কা দেয়। এতে তিনি সড়কের পাশে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থীতার ঘোষণা ডা. সজিবুল হকের

### মানবিক কার্যক্রমে অনুপ্রাণিত হয়ে জনগণের সেবার অঙ্গীকার

নিজস্ব প্রতিবেদক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন মানবিক ডাক্তার হিসেবে পরিচিত ডা. সজিবুল হক। তিনি মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের মো. রেজাউল হকের জ্যেষ্ঠ পুত্র। রাশিয়া থেকে চিকিৎসা বিজ্ঞানে পড়াশোনা শেষ করে দেশে ফিরে বর্তমানে কুষ্টিয়ার ল্যাবকেয়ার ডায়াগনস্টিক সেন্টারের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি। দায়িত্ব গ্রহণের পর থেকেই তিনি মেহেরপুরসহ আশপাশের অঞ্চলে অসহায় ও দরিদ্র রোগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ করে আসছেন।



২-এর পৃষ্ঠা দেখুন

## ঝিনাইদহে চলন্ত বাসের ধাক্কায় ইজিবাইকযাত্রী নিহত, আহত ২

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে যাত্রীবাহী চলন্ত বাসের ধাক্কায় ইজিবাইকযাত্রী সোহাগী খাতুন (৪৯) নিহত হয়েছেন। এ ঘটনায় আরও দুইজন গুরুতর আহত হয়েছেন। গতকাল রবিবার সকাল ৮টার দিকে ঝিনাইদহ-হরিণাকুণ্ডু সড়কের হাজী আরশাদ আলী কলেজের সামনে এই দুর্ঘটনা ঘটে। নিহত সোহাগী খাতুন হরিণাকুণ্ডুর শাখারীদহ গ্রামের মৃত উমবাত আলীর স্ত্রী। প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, ঢাকাগামী গোল্ডেন লাইনের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে ইজিবাইকের পেছনে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরের গাংনীতে অস্ত্র উদ্ধার

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া গ্রাম থেকে পরিত্যক্ত অবস্থায় একটি ওয়ান-শুটার পিস্তল, ৩ রাউন্ড গুলি এবং ৩টি দেশীয় ধারালো অস্ত্র উদ্ধার করেছে সেনাবাহিনীর সদস্যরা। শুক্রবার রাতে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সেনাবাহিনীর একটি টহল দল এ অভিযান পরিচালনা করে। সেনাবাহিনী ক্যাম্প সূত্রে জানা যায়,

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী ইউনিয়নের কলাইডাঙ্গা গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টার দিকে কলাইডাঙ্গা গ্রামের প্রধান সড়ক ও স্থানীয় দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। গণসংযোগ কর্মসূচিতে নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির

২-এর পৃষ্ঠা দেখুন

## অনশন ভেঙে তারেককে পুনর্বিবেচনার আবেদন দিতে বললো ইসি

সূর্যোদয় প্রতিবেদন

নিবন্ধনের দাবিতে অনশনরত আম জনতার দলের সদস্য সচিব তারেক রহমানকে পুনর্বিবেচনার আবেদন দিতে বলেছেন নির্বাচন কমিশন (ইসি) সচিব আখতার আহমেদ। রবিবার নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি জানান, আবেদনটি সরাসরি কমিশন সচিব বরাবর করতে হবে। ইসি সচিব বলেন, "জনাব তারেক সাহেব দলের রেজিস্ট্রেশনের বিষয় জানতে চেয়েছেন। আমরা আইনগতভাবে আমাদের দিক থেকে যা বলার, তা চিঠির মাধ্যমে জানিয়েছি। এখন উনারা আপিল করতে পারেন এবং ঘাটতি পূরণ করতে পারেন। এটি প্রচলিত প্রথা, তাই নিশ্চয়ই

২-এর পৃষ্ঠা দেখুন



## খোকসা যুব সংঘের কমিটি গঠন: সভাপতি হামিদুল, সম্পাদক সেলিম

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে "খোকসা যুব সংঘ" নামে একটি নতুন সামাজিক সংগঠনের কমিটি গঠন করা হয়েছে। শনিবার (৮ নভেম্বর) রাত নয়টার দিকে সংগঠনের নিজস্ব কার্যালয়ে এক আনুষ্ঠানিক সভার মাধ্যমে কমিটি ঘোষণা করা হয়। সভায় প্রধান উপদেষ্টা রফিকুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপদেষ্টা লুৎফর রহমান। অনুষ্ঠানে ২১ সদস্যের কার্যনির্বাহী কমিটি ঘোষণা করেন প্রধান উপদেষ্টা রফিকুল

২-এর পৃষ্ঠা দেখুন

## সংসদ নির্বাচন নিয়ে শঙ্কার কোনো কারণ নেই: উপদেষ্টা আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, জাতীয় সংসদ নির্বাচন নিয়ে শঙ্কার কোনো কারণ নেই। সরকার ফেব্রুয়ারির প্রথমার্ধেই নির্বাচন আয়োজনের ব্যাপারে বদ্ধপরিকর। রোববার সকালে রাজশাহীর চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ভবনের লিগ্যাল এইড অফিসে বিচারকদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। আসিফ নজরুল বলেন, 'নির্বাচন বিলম্বিত করার কোনো ইস্যু নেই। অবশ্যই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উৎসবমুখর পরিবেশ সৃষ্টির জন্য যা যা করা দরকার, তা করা হবে।' তিনি আরও বলেন, 'রাজনৈতিক দলগুলো একে অপরের ওপর চাপ সৃষ্টি করতে গিয়ে নানা কথা বলে। এর কিছু সত্য হলেও এসব মন্তব্যের কারণে জনমনে শঙ্কা তৈরি হয়।' আইন উপদেষ্টা বলেন, '১৬-১৭ বছর নির্বাচন হয়নি। ফলে কিছুটা শঙ্কা মানুষের মধ্যে থাকা স্বাভাবিক। প্রায় পাঁচ কোটি মানুষ কখনও ভোট দিতে পারেনি–তাদের কাছে এবারের নির্বাচন খুবই

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১


### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

**খবর (রুখে দিতে হবে ভারতীয় অধিপত্য)**

ঐক্যের ডাকে এগিয়ে আসুন
ধানের শীষের বিজয়ে
ডাক দিয়েছেন তারেক জিয়া
সবাই আমরা এক ছায়াতে ।
গ্রুপিং লবিং হবে পরে
আগে মোদের ধানের শীষ
তবুও যারা শুনছে না মানা
তাদের কথায় জব্বর বিষ ।
ভোটের মাঠে জাসনে তোরা
ডাকছিস যত সমাবেশ
দেখলাম আমরা একটি গ্রুপে
লোক ধরার নয়কো শেষ।
আশায় আশায় থাকবি যত
সময় বেশি পাবিনা
যার কপালে জুটেছে ধান
তার পিছু ছাড়িস না ।



## কাগজপত্রবিহীন ৪০০ বস্তা ইউরিয়া জব্দ : ব্যবসায়ীর জেল জরিমানা

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা সদর উপজেলার গোষ্ঠবিহার গ্রামে অবৈধভাবে কেনা ৪০০ বস্তা ইউরিয়া সার জব্দ করেছে জেলা কৃষি বিভাগ। বৈধ কাগজপত্র না থাকায় ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সার ব্যবসায়ী শামীম রেজাকে এক মাসের কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## পশ্চিমবঙ্গে ৪ বছরের ঘুমন্ত শিশু ধর্ষণ

সূর্যোদয় প্রতিবেদন

পশ্চিমবঙ্গের হুগলির তারকেশ্বরে গভীর রাতে চার বছরের ঘুমন্ত শিশুকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণের ঘটনা ঘটেছে। শনিবার (৮ নভেম্বর) খবর প্রকাশ্যে আসার পর থেকেই এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। ঘটনার পর পকসো আইনে মামলা দায়ের করা হয়েছে এবং পুলিশের সন্দেহের তীর শিশুটির দাদার দিকে। তাকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। প্রাথমিক তথ্য অনুযায়ী, শুক্রবার (৭ নভেম্বর) রাতে শিশুটি তারকেশ্বর রেলওয়ে শেডের নিচে তার দাদির পাশে শুয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় শীতের তীব্রতা বাড়ছে রেকর্ড ১৬.৯ ডিগ্রি সেলসিয়াস

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

কার্তিক মাসের শেষভাগে চুয়াডাঙ্গায় ক্রমেই বাড়ছে শীতের তীব্রতা। রোববার (৯ নভেম্বর) সকালে জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬.৯ ডিগ্রি সেলসিয়াস, যা এই মৌসুমের তুলনায় কিছুটা কম। ভোর ও রাতের সময় ঠান্ডা বাতাসের প্রভাবে শীত আরও স্পষ্টভাবে অনুভূত হচ্ছে। ভোরে জেলাজুড়ে দেখা যাচ্ছে হালকা কুয়াশা। মাঠের

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ২৫ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১০ নভেম্বর ২০২৫ইং

## পারমাণবিক অস্ত্র পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের নির্দেশে পারমাণবিক অস্ত্র পরীক্ষার প্রস্তাব নিয়ে কাজ করছে ক্রেমলিন। দেশটির পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ এ তথ্য নিশ্চিত করেছেন। খবরটি জানিয়েছে নিউইয়র্ক পোস্ট, রাশিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে। ল্যাভরভ বলেন, "৫ নভেম্বর নিরাপত্তা পরিষদের সভায় রুশ প্রেসিডেন্ট পুতিন এটি বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন এবং এর জন্য প্রস্তুতি নেওয়া হচ্ছে। জনগণকে ফলাফল সম্পর্কে অবহিত করা হবে।" তিনি আরও বলেন, "আমরা জানি না ট্রাম্প পূর্ণ-স্কেল পারমাণবিক পরীক্ষা চালানোর

৩-এর পৃষ্ঠা দেখুন

# গণভোট নিয়ে রাজনৈতিক দলগুলোর সমঝোতার সময় ফুরিয়ে যাচ্ছে

সূর্যোদয় প্রতিবেদন



জুলাই সনদ বাস্তবায়নে গণভোটের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার সময় শেষ হওয়ার পথে। অন্তর্বর্তী সরকার সপ্তাহখানেক আগে জানিয়েছিল, রাজনৈতিক দলগুলো নিজেদের মধ্যে বসে সিদ্ধান্ত নেবে, তবে তা না হলে সরকার নিজেই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। সোমবার (১০ নভেম্বর) সেই সময়সীমা শেষ হচ্ছে। গত বৃহস্পতিবার (৬ নভেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম বলেছেন, "রাজনৈতিক দলগুলো সিদ্ধান্ত না নিলে সরকার সিদ্ধান্ত নেবে। নির্বাচনের স্টেজ তৈরি হয়েছে, তাই জাতীয় ভোটের প্রস্তুতি দ্রুত শুরু হবে।" জাতীয় সংসদ নির্বাচনের আগে গণভোটের দাবি তুলেছে বাংলাদেশ জামায়াতে ইসলামিসহ আটটি ইসলামি দল। তবে বিএনপি আলাদা অবস্থান নিয়েছে। জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এএইচএম হামিদুর রহমান আযাদ বলেন, "আমরা বিএনপির সঙ্গে আলোচনায় বসতে চাই, কিন্তু তারা রাজি নয়। প্রয়োজন হলে অন্য দলকেও আলোচনায় নিয়ে আসব।" জামায়াতের নায়েবে আমির সৈয়দ

৩-এর পৃষ্ঠা দেখুন

## মালয়েশিয়ার উপকূলে অভিবাসীদের নৌকাডুবি, বাংলাদেশিসহ কয়েকজন উদ্ধার

সূর্যোদয় প্রতিবেদন

মালয়েশিয়া-থাইল্যান্ড সীমান্তবর্তী তারুতাও দ্বীপের কাছে অভিবাসীবাহী একটি নৌকা ডুবে একজন নিহত হয়েছেন এবং বেশ কয়েকজন এখনো নিখোঁজ রয়েছেন। নৌকাটিতে প্রায় ৯০ জন আরোহী ছিলেন বলে স্থানীয় কর্তৃপক্ষ জানিয়েছে। আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, মালয়েশিয়ার উদ্ধারকর্মীরা সাগর থেকে ১০ জনকে জীবিত উদ্ধার করেছেন। উদ্ধার হওয়া ব্যক্তিদের মধ্যে একজন বাংলাদেশি, মিয়ানমারের তিনজন এবং দুইজন রোহিঙ্গা শরণার্থী রয়েছেন। নিখোঁজদের সন্ধানে অভিযান অব্যাহত রয়েছে। পুলিশ কর্মকর্তা আজলি

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ক্যাফেইনের সঠিক পরিমাণে উপকার, অতিরিক্ত পানে স্বাস্থ্য ঝুঁকি

সূর্যোদয় প্রতিবেদন

ক্যাফেইন বিশ্বের সবচেয়ে জনপ্রিয় উদ্দীপক। কফি, চা, চকোলেট, সোডা বা এনার্জি ড্রিংকসের মাধ্যমে বেশিরভাগ প্রাপ্তবয়স্ক প্রতিদিন এটি গ্রহণ করেন।ক্যাফেইন শরীরকে চাঙ্গা করে তোলে, কিন্তু কতটা খাওয়া ঠিক? চলুন জেনে নেওয়া যাক এর উপকারিতা, ঝুঁকি ও সঠিক পরিমাণ। ক্যাফেইন কিভাবে কাজ করে? ক্যাফেইন মূলত একটি প্রাকৃতিক উদ্দীপক যা কফি, চা, চকোলেট ও কিছু উদ্ভিদে থাকে। এটি অ্যাডেনোসিন নামে এক রাসায়নিককে ব্লক করে, যা সাধারণত ক্লান্তি সৃষ্টি করে। ফলে আমরা সতর্ক, মনোযোগী ও সজাগ বোধ করি। ক্যাফেইনের প্রধান উৎস - কফি ও চা পাতা, কোকো বা চকোলেট, কোলা বাদাম, ইয়েরবা মাতে, গুয়ারানা বেরি,এনার্জি ড্রিংক ও সোডা। ক্যাফেইনের উপকারিতা : ক্যাফেইন হৃদস্পন্দন বাড়িয়ে রক্ত সঞ্চালন উন্নত করে, ফলে অক্সিজেন ও পুষ্টি শরীরজুড়ে পৌঁছাতে সাহায্য করে। এটি ফুসফুসের শ্বাসনালী শিথিল করে, ফলে সহজে শ্বাস নেওয়া যায়। হাঁপানি বা

৩-এর পৃষ্ঠা দেখুন



## পদ্মার চরে অভিযান 'ফাস্ট লাইট'

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া, পাবনা, নাটোর ও রাজশাহী–পদ্মার দুর্গম চরে সন্ত্রাস ও অপরাধমুক্তি নিশ্চিত করতে এক ঐকমত্য অভিযান চালানো হয়েছে। শনিবার ভোরে শুরু হওয়া অপারেশন 'ফাস্ট লাইট' প্রায় ১২ ঘণ্টা চলে। এতে রাজশাহী, নাটোর, পাবনা ও কুষ্টিয়া থেকে মোট ৬৭ জনকে গ্রেফতার করা হয়েছে। রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান গতকাল রবিবার সংবাদ সম্মেলনে জানান, "পদ্মার চরে কাকন বাহিনীসহ ১১টি সন্ত্রাসী গোষ্ঠী দীর্ঘদিন ধরে মানুষ হত্যা, অপহরণ, চাঁদাবাজি ও মাদক ব্যবসার মাধ্যমে সাধারণ মানুষকে আতঙ্কিত করছিল। এই অভিযান মূলত সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করা এবং দীর্ঘদিনের সন্ত্রাস চক্রের অবসান ঘটানোর জন্য পরিচালিত হয়েছে।" ডিআইজি আরও বলেন, "গ্রেফতারদের মধ্যে

২-এর পৃষ্ঠা দেখুন

## ঢাকা-১০ আসনের ভোটার হচ্ছেন উপদেষ্টা আসিফ মাহমুদ

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা-১০ আসনের ভোটার হচ্ছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। রোববার সকালে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ বিকেলে তিনি ধানমন্ডি থানার নির্বাচন কার্যালয়ে গিয়ে ভোটার হওয়ার আবেদন করবেন। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক আসিফ মাহমুদ বিকেল তিনটায় ধানমন্ডি থানা নির্বাচন কার্যালয়ে উপস্থিত থাকবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। তিনি ধানমন্ডি থানার আওতাধীন এলাকায় ভোটার হবেন। ঢাকা-১০ সংসদীয় আসনটি ধানমন্ডি, নিউমার্কেট, কলাবাগান ও হাজারীবাগ থানা নিয়ে গঠিত।

২-এর পৃষ্ঠা দেখুন



## স্বরাষ্ট্র ও গণশিক্ষা উপদেষ্টার পদত্যাগ দাবি, অনির্দিষ্টকাল কর্মবিরতি

সূর্যোদয় প্রতিবেদন

বেতন বৃদ্ধি ও পদোন্নতির দাবিতে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছেন সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

রোববার (৯ নভেম্বর) সকাল থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি শুরু করেন তারা। এর ফলে সাড়ে ৬৫ হাজারেরও বেশি বিদ্যালয়ে পাঠদান বন্ধ হয়ে পড়েছে, আর ক্ষতিগ্রস্ত হচ্ছে প্রায় এক কোটি শিক্ষার্থী। শিক্ষকরা তিন দফা দাবি জানাচ্ছেন– ১। সহকারী শিক্ষকদের দশম গ্রেডে বেতন ও ভাতা নির্ধারণ, ২। পদোন্নতির কাঠামো পুনর্বিন্যাস, ৩। শিক্ষক মর্যাদা সংক্রান্ত নীতিমালা সংস্কার। শনিবার (৮ নভেম্বর) রাজধানীর শাহবাগে অবস্থান কর্মসূচি চলাকালে পুলিশের হামলা, রাবার বুলেট, জলকামান ও টিয়ারশেল নিক্ষেপ এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

## মধ্য এশিয়ার একমাত্র বিদেশি ঘাঁটি থেকে ভারতের সেনা প্রত্যাহার

সূর্যোদয় প্রতিবেদন

মধ্য এশিয়ায় ভারতের একমাত্র বিদেশি পূর্ণাঙ্গ বিমানঘাঁটি আয়নি (তাজিকিস্তান) থেকে নিজেদের সেনা ও সামরিক সরঞ্জাম সরিয়ে নিয়েছে নয়াদিল্লি। সরকারি সূত্রের বরাত দিয়ে ভারতীয় সংবাদমাধ্যম দি ইন্ডিয়ান এক্সপ্রেস জানায়, ২০২২ সাল থেকেই সেনা প্রত্যাহারের প্রক্রিয়া শুরু হয়েছিল, তবে বিষয়টি গত মাসে প্রকাশ্যে আসে। আয়নি বিমানঘাঁটিটি রাজধানী দুশানবের কাছাকাছি অবস্থিত এবং সোভিয়েত আমলে নির্মিত। ২০০২ সালে ভারতের সঙ্গে দ্বিপক্ষীয় চুক্তির মাধ্যমে ঘাঁটিটি সংস্কারের দায়িত্ব নেয়। ভারতের বর্ডার রোডস অর্গানাইজেশন (বিআরও) প্রায় ৮ কোটি ডলার ব্যয়ে ঘাঁটিটি আধুনিকায়ন করে। এতে ৩২০০ মিটার দীর্ঘ রানওয়ে, বিমান হ্যাঙ্গার, জ্বালানি ডিপো ও এয়ার ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন

৩-এর পৃষ্ঠা দেখুন



## সরকার আহ্বান জানালে আলোচনায় যাব, অন্য দল দিয়ে কেন' – সালাহউদ্দিন আহমেদ

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা আহ্বান জানালে আলোচনায় বসতে বিএনপি রাজি আছে বলে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। তবে অন্য কোনো রাজনৈতিক দলের মাধ্যমে আহ্বান জানানোর বিষয়টি প্রশ্নবিদ্ধ বলে মন্তব্য করেছেন তিনি। শনিবার রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ছাত্রদলের উদ্যোগে ঐতিহাসিক ৭ নভেম্বর 'জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের ৫০ বছর পূর্তি' উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এ কথা বলেন। সালাহউদ্দিন আহমেদ বলেন, "আমরা ভেবেছিলাম জাতীয় ঐকমত্য কমিশন রেফারির ভূমিকা পালন করবে, কিন্তু এখন নিজেরাই গোল দিয়ে দিচ্ছেন। এরপর বলছেন, রাজনৈতিক দলগুলোকে সাত দিনের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে– না হলে আপনারা সিদ্ধান্ত নেবেন। এটা অন্তর্বর্তী সরকারের এখতিয়ার নয়।" তিনি আরও বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



## শাটডাউনে যুক্তরাষ্ট্রে প্রায় দেড় হাজার ফ্লাইট বাতিল

সূর্যোদয় প্রতিবেদন

সরকারি অচলাবস্থার (শাটডাউন) জেরে যুক্তরাষ্ট্রে টানা দ্বিতীয় দিনের মতো শনিবার (৮ নভেম্বর) দেড় হাজারের কাছাকাছি ফ্লাইট বাতিল হয়েছে। এতে দেশটির বিমান পরিবহন ব্যবস্থায় ব্যাপক বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, শনিবার সারাদেশে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক মিলিয়ে ১ হাজার ৪০০টিরও বেশি ফ্লাইট

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশ ঘিরে কৌশলগত পদক্ষেপ নিচ্ছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সঙ্গে পাকিস্তানের ঘনিষ্ঠতা নিয়ে উদ্বেগে পড়েছে ভারত। এ প্রেক্ষাপটে নয়াদিল্লি কৌশলগতভাবে সীমান্ত অঞ্চলে সামরিক শক্তি জোরদার করেছে। ভারতের বার্তা সংস্থা ডিএনএ জানায়, উত্তর-পূর্বাঞ্চলের সংযোগ সুরক্ষায় ভারত পশ্চিমবঙ্গের শিলিগুড়ি করিডোর বা 'চিকেন নেক' এলাকায় নতুন তিনটি সামরিক ঘাঁটি স্থাপন করেছে– বামুনি, কিষাণগঞ্জ ও চোপড়ায়। এ অঞ্চলটি ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাত রাজ্যকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করে রাখে। চিকেন নেকের পশ্চিমে নেপাল, পূর্বে বাংলাদেশ ও উত্তরে ভুটান। এই করিডরের ভৌগোলিক দুর্বলতা মোকাবিলায় ভারত বিহার-নেপাল হয়ে বিকল্প রেলপথ তৈরির পরিকল্পনাও করছে। ডিএনএ'র প্রতিবেদন অনুযায়ী, সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সঙ্গে পাকিস্তানের বাড়তি যোগাযোগ, বিশেষ করে পাকিস্তানি জেনারেল সাহির শামশাদ মির্জার ঢাকা সফর, ভারতের আশঙ্কা বাড়িয়েছে। এছাড়া অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের চীন

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচনের পরিবেশ তৈরি করতে পারেনি সরকার: রাশেদ খান

সূর্যোদয় প্রতিবেদন

গণ অধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান অভিযোগ করেছেন, সরকার দেশে সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি করতে ব্যর্থ হয়েছে। রবিবার (৯ নভেম্বর) ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে গণসংযোগকালে তিনি সাংবাদিকদের বলেন, "এ নিয়ে মানুষের মনে সংশয় তৈরি হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর যেভাবে কাজ করা

৩-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## গুগল ম্যাপে আসছে 'পাওয়ার সেভিং মোড'

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ পথযাত্রায় ফোনের ব্যাটারি দ্রুত শেষ হয়ে যাওয়া নেভিগেশন ব্যবহারকারীদের অন্যতম বড় সমস্যা। এবার সেই ঝামেলা কমাতে গুগল ম্যাপে আসছে নতুন ফিচার–'পাওয়ার সেভিং মোড'। বিশ্বের জনপ্রিয় নেভিগেশন অ্যাপ গুগল ম্যাপস আনছে নতুন এক ফিচার–'পাওয়ার সেভিং মোড' বা বিদ্যুৎ-সাশ্রয়ী মোড। নতুন এই সুবিধা ফোনের ব্যাটারি খরচ কমানোর পাশাপাশি দীর্ঘ সময় নেভিগেশন ব্যবহারকারীদের দেবে বাড়তি স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা। সম্প্রতি প্রযুক্তিবিষয়ক ওয়েবসাইট অ্যান্ড্রয়েড অথরিটি জানিয়েছে, গুগল বর্তমানে অ্যান্ড্রয়েড সংস্করণের ম্যাপ অ্যাপে ফিচারটি যুক্ত করার কাজ করছে। এখনো এটি



পরীক্ষামূলক পর্যায়ে থাকলেও অ্যাপটির বিটা সংস্করণের কোডে এর উপস্থিতি ধরা পড়েছে। গুগল ম্যাপসের এই পাওয়ার সেভিং মোড ফোনের নিজস্ব ব্যাটারি সেভ মোডের

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে
কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ১০ নভেম্বর ২০২৫ ইং

## শিশুদের বিনোদন থেকে বঞ্চিত এক প্রজন্ম

মেহেরপুর জেলার তিনটি উপজেলা–মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগরে–কোথাও নেই শিশুদের জন্য উপযুক্ত কোনো বিনোদনকেন্দ্র, পার্ক কিংবা ইনডোর প্লে-জোন। এ অবস্থায় জেলার শিশুরা ধীরে ধীরে বেড়ে উঠছে বিনোদনবঞ্চিত এক প্রজন্ম হিসেবে। মানসিক, সামাজিক ও শারীরিক বিকাশের জন্য বিনোদন যেমন জরুরি, তেমনি নিরাপদ খেলাধুলার পরিবেশও শিশুর মৌলিক অধিকারের অংশ। কিন্তু দুঃখজনকভাবে মেহেরপুরে সেই অধিকারটি এখন বিলাসিতার পর্যায়ে চলে গেছে। জেলার একমাত্র খোলা পার্ক–শাহেদ ড. শামসুজ্জোহা পার্ক–শিশুদের জন্য নয়, বরং বড়দের আড্ডাস্থলে পরিণত হয়েছে অনেক আগেই। নেই কোনো দোলনা, স্লাইড বা নিরাপদ খেলার স্থান। একইভাবে একসময় শিশুদের প্রিয় "স্বপ্ন ছুঁই শিশু পার্ক"-ও এখন বড়দের দখলে। অন্যদিকে গাংনী ও মুজিবনগর উপজেলায় তো শিশু পার্কের অস্তিত্বই নেই। ফলে শিশুরা বাধ্য হচ্ছে মোবাইল গেম ও ইন্টারনেট নির্ভর ভার্চুয়াল জগতে সময় কাটাতে। বিশেষজ্ঞদের মতে, এতে শিশুদের বাস্তব জীবনের সামাজিক মেলামেশা কমে যাচ্ছে, মনোযোগের ঘাটতি তৈরি হচ্ছে এবং শারীরিক দক্ষতার বিকাশ মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। শহরের ভেতর কংক্রিটের দেয়ালের ভিড়ে বড় হওয়া এই প্রজন্মের মানসিক স্বাস্থ্য ভবিষ্যতে সমাজের জন্যই এক সংকট তৈরি করতে পারে। আমরা মনে করি, জেলা প্রশাসন, পৌর কর্তৃপক্ষ এবং বেসরকারি উদ্যোগের সমন্বয়ে প্রতিটি উপজেলায় অন্তত একটি করে আধুনিক শিশু পার্ক ও ইনডোর রিক্রিয়েশন জোন গড়ে তোলা জরুরি। এসব স্থানে শিশুদের জন্য নিরাপদ খেলাধুলা, বইপড়া, চিত্রাঙ্কন ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সুযোগ থাকতে হবে। শিশুরা আমাদের ভবিষ্যৎ–তাদের হাসি-খুশি শৈশব নিশ্চিত করা কেবল দায় নয়, এটা সমাজ ও রাষ্ট্রেরও দায়িত্ব। মেহেরপুরে শিশুদের জন্য একটি নিরাপদ ও প্রাণবন্ত বিনোদনপরিবেশ গড়ে তোলার উদ্যোগ এখন সময়ের দাবি।

## শাপলা তুলতে গিয়ে চার শিক্ষার্থীর

(প্রথম পৃষ্টার পর)

পড়ে পুরো রাজনগর। কেউ চিৎকার করে, কেউ নিস্তব্ধ হয়ে যায়। আলেয়ার বাবা সাহারুল ইসলাম ভাঙা কণ্ঠে বলেন, "স্কুল থেকে ফিরে বন্ধুদের সঙ্গে ফুল তুলতে গিয়েছিল আলেয়া। কে জানত, ও আর ফিরবে না।"ফাতেমার মা শুধু বলতে থাকেন–"ও তো শাপলা আনতে গিয়েছিল, কেন ফিরল না?"স্থানীয়দের ভাষ্য, প্রতিবছরই ওই বিলে শিশুরা শাপলা তুলতে যায়। কিন্তু নিরাপত্তার কোনো ব্যবস্থা নেই। গভীরতা বোঝা যায় না, আর তাতেই ঘটে দুর্ঘটনা। খবর পেয়ে মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান, মেহেরপুর-১ আসনে বিএনপির সংসদ সদস্য মাসুদ অরুণ ঘটনা স্থলে ছুটে যান। ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড, কামরুল হাসান বলেন, "একই পরিবারের চারটি শিশুর মৃত্যু শুধু ওই পরিবারের জন্য নয়, পুরো এলাকার জন্য এক অপূরণীয় ক্ষতি। আমরা বিএনপির পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা জানাচ্ছি।" বিএনপির প্রার্থী মাসুদ অরুণ বলেন, "চারটি শিশুর মৃত্যু শুধু একটি পরিবারের নয়, পুরো গ্রামের বেদনা। আমাদের গ্রামীণ জলাশয়গুলোর নিরাপত্তা এখন সময়ের দাবি।"

ফায়ার সার্ভিস কর্মকর্তা সেলিম রেজা জানান, "খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে যাই। তারা সম্ভবত সাঁতার জানত না।" তিনি আরো বলেন আমার নেতৃত্বে ফায়ার ফাইটার মো: আল শাহারিয়ার সাব্বির, নাজমুল হক, সাখাওয়াত হোসেন শেষ মুহূর্ত পর্যন্ত চেষ্টা করেছে।" নিহতরা হলেন–রাজনগর গ্রামের মল্লিকপাড়ার সামাদের মেয়ে ফাতেমা খাতুন (১৪), ইসার মেয়ে মিম (১৪), সামাদের আরেক মেয়ে আফিয়া (১০) এবং সাহারুল ইসলামের মেয়ে আলেয়া খাতুন (১০)। এর মধ্যে ফাতেমা ও মিম মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী, আর আফিয়া ও আলেয়া রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণিতে পড়ত। আজ রাজনগর গ্রামে শিশুদের হাসি নেই। যেদিকে তাকানো যায়, সেদিকে শোকের ছায়া। চার শিশুর মৃত্যুশোকে সোমবার মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয় ও রাজনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস বন্ধ ঘোষণা করা হয়েছে। এ দিকে নিহতদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করেছে মেহেরপুর জেলা প্রশাসন। রবিবার রাতেই অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম তিনটি শোকসন্তপ্ত পরিবারের হাতে মোট ৪০ হাজার টাকার আর্থিক অনুদান তুলে দেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন এবং সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান প্রমুখ।

## মেহেরপুরে ৩০৮ প্রাথমিক বিদ্যালয়ে

(প্রথম পৃষ্টার পর)

স্কুলে এলেও শিক্ষকরা ক্লাস না নেওয়ায় তারা খেলা করে চলে যাচ্ছে।" গাংনী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়সহ একাধিক সহকারী শিক্ষক বলেন,

ঢাকার কেন্দ্রীয় তিন দফা দাবিতে তারা একাত্ম হয়ে মাঠে নেমেছেন। তারা অভিযোগ করেন, পুলিশি নির্যাতনে বিভিন্ন শিক্ষক আহত হয়েছে, যা পূর্ব পরিকল্পিতভাবে আন্দোলন ভাঙার প্রচেষ্টা। দাবি পূরণ না হওয়া পর্যন্ত কর্মবিরতি চলবে বলেও হুঁশিয়ারি দেন তারা। গাংনী সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, বলেন, "দশম গ্রেডের দাবিতে শিক্ষরা আন্দোলনের ঢাক দিয়েছে। সেই আন্দোলনে প্রশাসনের গুলি বর্ষনে অনেক সহকারি শিক্ষক আহত সেই কারণে শিক্ষকরা আন্দলনে আছে। আমি তাদের কাজে যোগদেবার জন্য বলেছি।" জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার মিত্র বলেন, "আমার জানা মতে সব স্কুল খোলা আছে এবং পাঠদান চলমান। তবে কোথাও ক্লাস বন্ধ থাকলে শিক্ষার্থীরা নিঃসন্দেহে ক্ষতির মুখে পড়বে। আমি বর্তমানে ছুটিতে আছি, কর্মকর্তাদের পাঠিয়ে বিষয়টি খতিয়ে দেখব।"

## মেহেরপুরসহ আরও ১৪ জেলায়

(প্রথম পৃষ্টার পর)

যাচ্ছেন ব্রাহ্মণবাড়িয়ায়, আর মেহেরপুরের ডিসি মোহাম্মদ আব্দুল ছালাম গেছেন নড়াইলে। নতুন নিয়োগ পাওয়া জেলা প্রশাসকরা হলেন– ঝিনাইদহ: পরিবেশ অধিদপ্তরের পরিচালক মো. আব্দুল্লাহ আল মাসউদ, জামালপুর: খুলনার ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের জোনাল সেটেলমেন্ট অফিসার মো. ইউসুপ আলী, মেহেরপুর: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব লুৎফুন নাহার, কিশোরগঞ্জ: ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ আসলাম মোল্লা, ঝালকাঠি: নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের পরিচালক মো. মমিন উদ্দিন, গোপালগঞ্জ: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব মো. আরিফ-উজ-জামান, চুয়াডাঙ্গা: অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব মোহাম্মদ কামাল হোসেন, পঞ্চগড়: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব কাজী মো. সায়েমুজ্জামান, জয়পুরহাট: প্রধান উপদেষ্টার কার্যালয়ের পরিচালক (উপসচিব) মো. আল-মামুন মিয়া, ময়মনসিংহ: কৃষি মন্ত্রণালয়ের উপসচিব মো. সাইফুর রহমান, মানিকগঞ্জ: খাগড়াছড়ির জেলা প্রশাসক কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক নাজমুন আরা সুলতানা, চাঁদপুর: প্রধান উপদেষ্টা কার্যালয়ের পরিচালক (উপসচিব) মো. নাজমুল ইসলাম সরকার। এই ১২ জেলায় আগে দায়িত্বে থাকা জেলা প্রশাসকদের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরে পদায়ন করা হয়েছে। এর আগে শনিবার (৮ নভেম্বর) মধ্যরাতে আরও ১৫ জেলায় নতুন জেলা প্রশাসক নিয়োগ দিয়েছিল সরকার। ওই তালিকায় ছয়জনকে রদবদল ও নয়জনকে নতুন হিসেবে নিয়োগ দেওয়া হয়। বর্তমানে সরকারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তারাই জেলা প্রশাসক পদে দায়িত্ব পালন করে থাকেন। জেলা প্রশাসকরা জেলা পর্যায়ে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। তারা জেলার সাধারণ প্রশাসনিক কার্যক্রম, আইন-শৃঙ্খলা রক্ষা, ভূমি ব্যবস্থাপনা এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের তদারকি করেন। পাশাপাশি নির্বাচিত সরকারের বিশেষ কর্মসূচি বাস্তবায়নে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

## শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় জাতীয় উদ্যোগ : টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন ক্যাম্পেইন

রাবেয়া বসরী অন্তরা



বাংলাদেশ সরকার স্বাস্থ্য অধিদপ্তরের এক্সপ্যান্ডেড প্রোগ্রাম অন ইম্যুনাইজেশন (ইপিআই) এর অধীনে সারাদেশে ১২ অক্টবর ২০২৫ তারিখে টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (টিসিভি) কর্মসূচি শুরু করেছে। সরকারকে এই উদ্যোগে ইউনিসেফ, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন, গাভী, দ্য ভ্যাকসিন অ্যালায়েন্স সহযোগিতা করছে। এই ক্যাম্পেইন এর লক্ষ্য হচ্ছে ৯ মাস থেকে ১৫ বছরের নিচে বয়সী প্রায় ৫ কোটি (৫০ মিলিয়ন) শিশুকে এক ডোজ টিসিভি টিকা প্রদান করা।

বাংলাদেশের ইতিহাসে এটি সবচেয়ে বড় একক শিশু টিকাদান কর্মসূচিগুলোর একটি। এই ক্যাম্পেইনের প্রথম ধাপটি ১২ অক্টোবর থেকে ৩০ অক্টোবর ২০২৫ পর্যন্ত বিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিকভাবে অনুষ্ঠিত হয়েছে, যেখানে স্কুল, মাদ্রাসা ও ইংরেজি মাধ্যম প্রতিষ্ঠানগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছিল। বর্তমানে ২য় ধাপের টিকাদান কার্যক্রম চলছে যা ১ নভেম্বর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত কমিউনিটি সেন্টার ও আউটরিচ সাইটে পরিচালিত হচ্ছে, যাতে করে বিদ্যালয়ে না যাওয়া বা প্রথম ধাপে বাদ পড়া শিশুরাও টিকা নিতে পারে। শিশুদের টিকা দেওয়ার জন্য রেজিস্ট্রেশন করতে হচ্ছে ১৭ সংখ্যার জন্ম নিবন্ধন নম্বর ব্যবহার করে এবং এই রেজিস্ট্রেশন এর পর একটি ভ্যাকসিন কার্ড দেয়া হচ্ছে। অন্যদিকে আবার গবেষণার মাধ্যমে জানা যায় যে টিসিবি টিকা শিশুদের মধ্যে প্রায় ৭৯% থেকে ৮৫% কার্যকর সুরক্ষা দিতে সক্ষম। এই টিকা দীর্ঘমেয়াদে অ্যান্টিবায়োটিক-প্রতিরোধী টাইফয়েড প্রতিরোধে বড় ভূমিকা রাখবে।

শুধুমাত্র টাইফয়েড প্রতিরোধ করাই এই কর্মসূচির লক্ষ্য নয় বরং আন্টিবায়োটিক- রেজিস্টেন্ট টাইফয়েডের বৃদ্ধি নিয়ন্ত্রণে রাখা- যা বর্তমানে বাংলাদেশের জনস্বাস্থ্যের জন্য খুবই বড় উদ্যোগের বিষয়। এই টিসিবি টিকাটি ২০২৬ সাল থেকে দেশের নিয়মিত শিশু টিকাদান সূচিতে অন্তর্ভুক্ত করা হবে বলে জানানো হয়েছে। এছাড়াও এই টিকাদানের মান ও অগ্রগতি পর্যবেক্ষণে ডিজিটাল মনিটরিং সিস্টেম যেমন ভ্যাক্সইপিআই অ্যাপ ব্যবহার করা হচ্ছে, যাতে প্রতিটি এলাকায় সঠিকভাবে কভারেজ এবং সঠিক তথ্য পাওয়া যায়। টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন ক্যাম্পেইন বা এই টিসিভি টিকাদান কর্মসূচি বাংলাদেশের শিশু স্বাস্থ্য সুরক্ষায় একটি যুগান্তকারী পদক্ষেপ। এটি শুধু টাইফয়েড সংক্রমণ কমাবে না বরং ভবিষ্যতে আন্টিবায়োটিকের উপর নির্ভরতা কমাতেও সহায়ক হবে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# মানবিক আচরণই ইমানের পরিপূর্ণতা আনে

মাহমুদ হাসান ফাহিম

মানুষকে কষ্ট দেওয়া অমানবিক নিষ্ঠুরতা। হোক সেটা কথা বা কাজকর্মে। আমরা দৈনন্দিন চেনা-অচেনা হাজারো মানুষের সঙ্গে কথা বলি। চলাচলের রাস্তায়, অফিস-আদালতে, যানবাহনে। কখনো ভেবে দেখেছি–আমার কথায় বা আচরণে কেউ কষ্ট পেল কি না? কাউকে কটুকথা বললাম কি না? যদি কেউ আমার কথায় মনঃক্ষুণ্ন হয়ে থাকে, তাহলে আমি নিজেকে মুসলিম দাবি করলেও প্রকৃত মুসলিম হতে পারিনি। কারণ হাদিসের ভাষ্যমতে, প্রকৃত মুসলিম তো সে–যার হাত ও জবান থেকে অন্য মানুষ নিরাপদ থাকে। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'মুসলিম ওই ব্যক্তি–যার হাত ও জিহ্বা থেকে অন্য মুসলমান নিরাপদ থাকে। প্রকৃত মুমিন হতে হলে নিজের ভেতর বহুমুখী গুণাবলির সমন্বয় সাধন করতে হয়। শুধু ইবাদত-বন্দেগিতে সীমাবদ্ধ থেকে খাঁটি মুমিন হওয়া কষ্টসাধ্য ব্যাপার। আনুষঙ্গিক নানা বিষয় ও বিধিনিষেধ মেনে চলতে হয়। যেমন, মানুষের প্রতি সদাচারী হওয়া। অন্যের জানমালের ক্ষতি না করা বা ক্ষতির কারণ না হওয়া। কেননা, চুরি-ডাকাতি কিংবা অন্যায়ভাবে অন্যের সম্পদ লুট ও আত্মসাৎ করা কোনো মুমিনের গুণ হতে পারে না। তাই এসব পরিহারযোগ্য। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'মুমিন ওই ব্যক্তি–যার কাছে অন্য মানুষ নিজের জান ও মালকে নিরাপদ মনে করে। এগুলো আসলে খুব কঠিন কোনো কাজ নয়। একটু মানবিক ও সুচিন্তক হলেই নিজে ভালো মানুষ এবং অন্যের আস্থার পাত্র হওয়া যায়। কথা ও কাজে একটু সংযমী হলেই অন্যকে কষ্ট দেওয়া থেকে বেঁচে থাকা সম্ভব। আল্লাহ তাআলা আমাদেরকে মানুষের সঙ্গে সদাচারী হওয়ার তাওফিক দান করুন। আমিন।

## মেহেরপুরের গাংনীতে অস্ত্র উদ্ধার

(প্রথম পৃষ্টার পর)

অভিযান পরিচালনার সময় ভাটপাড়া এলাকায় ফেলে রাখা অবস্থায় অস্ত্রগুলো উদ্ধার করা হয়। পরে উদ্ধার হওয়া অস্ত্র ও গুলি পরবর্তী প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বনি ইসরাইল বলেন, সেনাবাহিনীর সদস্যরা উদ্ধার করা অস্ত্র ও গুলি থানায় জমা দিয়েছে। এ বিষয়ে আইনগত প্রক্রিয়া চলছে।

## চুয়াডাঙ্গায় শীতের তীব্রতা বাড়ছে

(প্রথম পৃষ্টার পর)

ফসল, সবুজ ঘাস ও গাছপালায় জমছে শিশিরবিন্দু। সকাল ও সন্ধ্যায় বাইরে বের হওয়া মানুষজন গরম কাপড় ব্যবহার শুরু করেছেন। চুয়াডাঙ্গা আবহাওয়া পর্যবেক্ষণাগার জানিয়েছে, উত্তর-পশ্চিম দিক থেকে ঠান্ডা হাওয়া বইছে, যার কারণে তাপমাত্রা দ্রুত কমছে। আগামী কয়েক দিনে রাতের তাপমাত্রা আরও কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। আবহাওয়া পর্যবেক্ষণাগারের কর্মকর্তা জামিনুর রহমান বলেন, "উত্তর-পশ্চিম দিক থেকে ঠান্ডা হাওয়া বইছে, তাই তাপমাত্রা দ্রুত কমছে। নভেম্বরের মাঝামাঝি থেকে শীত আরও বৃদ্ধি পেতে পারে। নাগরিকদের প্রয়োজন অনুযায়ী শীতবস্ত্র ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।"

## উপদেষ্টা আসিফ নজরুল

(প্রথম পৃষ্টার পর)

গুরুত্বপূর্ণ। বাংলাদেশের সাধারণ মানুষ অধীর আগ্রহে নির্বাচনের অপেক্ষায় আছে। তাদের মাঝে উৎসাহ সৃষ্টি হয়েছে।' জামিন বিষয়ে এক প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'জামিন দেওয়া শুধু বিচারকের ওপর নির্ভর করে না, পুলিশের রিপোর্টের ওপরও নির্ভর করে। যদি ভিডিও ফুটেজে অপরাধের প্রমাণ পাওয়া যায় বা কণ্ঠ শনাক্ত হয়, তবে ব্যতিক্রম ঘটে।'

তিনি আরও বলেন, 'যেখানে জামিন পাওয়ার যোগ্যতা রয়েছে, সেখানে জামিন পেতেই পারে। তবে যারা জামিন পেয়ে একই ধরনের অপরাধে জড়াতে পারে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিনষ্ট করতে পারে বা নিষিদ্ধ সংগঠনের সদস্য হয়ে তৎপরতা চালাতে পারে–তাদের বেশি জামিন হলে আমরা উদ্বিগ্ন হবো।' আদালত সংস্কার প্রসঙ্গে আইন উপদেষ্টা জানান, 'একজন বিচারকের স্থানে আদালতে তিনজন বিচারক নিয়োগের উদ্যোগ নেওয়া হচ্ছে, যাতে মামলার চাপ কমে। আদালত সংস্কারে আমরা বিভিন্ন পদক্ষেপ নিচ্ছি, যার সুফল জনগণ অবশ্যই পাবে।'

## পশ্চিমবঙ্গে ৪ বছরের ঘুমন্ত শিশু ধর্ষণ

(প্রথম পৃষ্টার পর)

ঘুমাচ্ছিল। অভিযুক্ত মশারি কেটে শিশুটিকে তুলে নিয়ে যান এবং তারপরে ধর্ষণ করেন। বর্তমানে শিশুটি তারকেশ্বরের হাসপাতালে ভর্তি, তার অবস্থা আশঙ্কাজনক। পুলিশ জানিয়েছে, তদন্তে প্রথমে সন্দেহের তীর শিশুটির দাদার দিকে যায়। তার আচরণ সন্দেহজনক মনে হওয়ায় তাকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদের সময় অসঙ্গতি ধরা পড়ে এবং অনুমান করা হচ্ছে, ঘটনার সময় তিনি মদ্যপ ছিলেন। ভুক্তভোগীর পরিবারের দাবি, শিশুটিকে শনিবার সকাল থেকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। সারা সকাল বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করার পর দুপুরে স্টেশন সংলগ্ন একটি নর্দমা থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। শিশুর যৌনাঙ্গে রক্তক্ষরণ, গালে কামড়ের চিহ্ন এবং শরীরের একাধিক স্থানে আঘাতের চিহ্ন ছিল। এ বিষয়ে তারকেশ্বরের বিধায়ক রামেন্দু সিংহ রায় বলেছেন, "এটি অত্যন্ত দুঃখজনক ঘটনা। যে জায়গায় এটি ঘটেছে, তা রেল পুলিশের অন্তর্গত। নিরাপত্তার যথেষ্ট ব্যবস্থা ছিল না।" পরিবার অভিযোগ করেছে, শিশুটিকে প্রথমে স্থানীয় গ্রামীণ হাসপাতালে নেয়া হয়, যেখানে পর্যাপ্ত পরীক্ষা করা হয়নি। পরে শিশুটিকে চন্দননগর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পুলিশ গাফিলতির অভিযোগ তুলে হাসপাতালের ভিতরে বিক্ষোভ দেখায় বিজেপির নেতাকর্মীরা। স্থানীয় বিজেপি নেতারা দাবি করেছেন, শুরুতেই শিশু প্রতিরোধ ও উদ্ধারমূলক পদক্ষেপ নেওয়া হয়নি। তারকেশ্বর থানার পুলিশ জানায়, মৌখিক অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করা হয়েছে এবং শিগগিরই দোষীদের শনাক্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।

## খোকসা যুব সংঘের কমিটি গঠন:

(প্রথম পৃষ্টার পর)

ইসলাম। ঘোষিত কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন শামসুজ্জামান (হামিদুল) এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. সেলিম রেজা। অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন– সহ-সভাপতি খালিদ সাইফুল্লাহ আপেল, আদম শেখ ও সোহাগ আলী, সহ-সাধারণ সম্পাদক হেলাল শেখ, অর্থ সম্পাদক শরিফুল জামান (টুটুল), সাংগঠনিক সম্পাদক আবির শেখ, প্রচার সম্পাদক নাজমুল হক, সাংস্কৃতিক সম্পাদক আজাদ শেখ, খাদ্য সম্পাদক মোশারফ শেখ, অফিস সম্পাদক মাজহারুল ইসলাম, ক্রীড়া সম্পাদক জমিরুল ইসলাম।

নির্বাহী সদস্যরা হলেন– জিহাদ, এনামুল শেখ, মাসুম রেজা, সুমন, জামান, শরিফুল ইসলাম, মোমিনুল ইসলাম, বকুল ও আব্দুল হামিদ। ঘোষিত ২১ সদস্যের এই কার্যনির্বাহী কমিটি আগামী তিন বছরের জন্য অনুমোদন দেওয়া হয়েছে। প্রধান উপদেষ্টা রফিকুল ইসলাম বলেন, "খোকসা যুব সংঘ একটি অরাজনৈতিক, অলাভজনক ও সম্পূর্ণ সামাজিক সেবামূলক সংগঠন। সমাজের যুবকদের ঐক্যবদ্ধ করে সমাজ উন্নয়ন, শিক্ষা সহায়তা, সাংস্কৃতিক চর্চা ও মানবিক কর্মকাণ্ডে ভূমিকা রাখাই সংগঠনের মূল লক্ষ্য।

কাগজপত্রবিহীন ৪০০ বস্তা ইউরিয়া জব্দ : ব্যবসায়ীর জেল জরিমানা
গতকাল রবিবার দুপুর ১২টার দিকে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আমিনুল ইসলাম ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। কৃষি কর্মকর্তা আসিফ ইকবাল জানান, শনিবার রাত সাড়ে ১০টার দিকে শামীম রেজার গুদামে একটি ট্রাক ভর্তি ৪০০ বস্তা ইউরিয়া সার নেওয়া হচ্ছিল। পথে ট্রাকটি ভুল রাস্তায় গিয়ে খাদে পড়ে। এ সময় এলাকাবাসীর সহায়তায় কাগজপত্রবিহীন ওই সার জব্দ করা হয়। পরে মালিকপক্ষ বৈধ কোনো কাগজপত্র দেখাতে না পারায় উপজেলা কৃষি বিভাগ সারগুলো জব্দ করে। কৃষি কর্মকর্তা আসিফ ইকবাল বলেন, "এ ধরনের অপরাধ শুধু কৃষি ব্যবস্থাপনায় বিঘ্ন সৃষ্টি করে না, কৃষকদের জন্যও হুমকি তৈরি করে। তাই অবৈধ সার ব্যবসার বিরুদ্ধে জোরদারভাবে ব্যবস্থা নেওয়া হচ্ছে।"

## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

মাওলানা মাহবুব আলম, জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, শ্রমিক ফেডারেশনের সদর সভাপতি আবুল হোসেন, বারাদী ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, সেক্রেটারি আব্দুর রাজ্জাকসহ স্থানীয় নেতৃবৃন্দ। গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## অনশন ভেঙে তারেককে

(প্রথম পৃষ্টার পর)

উনারা সুবিবেচনায় নেবেন।" তিনি আরও বলেন, "আমি আন্তরিকভাবে আবেদন করব, যেন অনশন ভেঙে আইনগতভাবে বিষয়টি সুরাহার দিকে নেওয়া হয়। আপিল করার জন্য কোনো নির্দিষ্ট সময়সীমা নেই। এটি তারা আজ বা আগামীকাল করতে পারেন। আবেদন করলে কমিশন তা বিবেচনায় নেবে।" আখতার আহমেদ ব্যাখ্যা করেন, "কিছু শর্তের অধীনে আবেদন মঞ্জুর হয়নি, কিছু ক্ষেত্রে তারা একমত নন। তবে পুনর্বিবেচনা, সংশোধন বা পরিমার্জনের জন্য আবেদন করা সম্ভব। কমিশন সেই আবেদন বিবেচনা করবে।" উল্লেখ্য, ৪ নভেম্বর বিকেল থেকে তারেক রহমান ইসির মূল ফটকের সামনে অনশন শুরু করেছেন। তার অনশনের প্রতি বিএনপি ও অন্যান্য রাজনৈতিক দল সংহতি প্রকাশ করেছে।

## ঝিনাইদহে চলন্ত বাসের ধাক্কায়

(প্রথম পৃষ্টার পর)

ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই সোহাগী খাতুনের মৃত্যু হয়। আহতদের উদ্ধার করে স্থানীয়রা ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করেছেন। হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম হাওলাদার জানিয়েছেন, মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনাকবলিত বাসটি জব্দ করা হলেও চালক ও হেলপার পালিয়ে গেছেন।

## মেহেরপুর-১ আসনে স্বতন্ত্র প্রার্থীতার

(প্রথম পৃষ্টার পর)

এ পর্যন্ত তিনি মেহেরপুরসহ সারা দেশে প্রায় ৩৭টি বিনামূল্যে চিকিৎসা ক্যাম্প আয়োজন করেছেন। তার এই সমাজসেবামূলক কর্মকাণ্ডের জন্যই স্থানীয়রা তাকে 'মানবিক ডাক্তার' নামে সম্বোধন করেন। স্বতন্ত্র প্রার্থী হওয়ার সিদ্ধান্ত সম্পর্কে ডা. সজিবুল হক বলেন, "ছাত্রজীবন থেকেই আমি নেতৃত্ব দিয়ে আসছি। স্কুলজীবনে প্রায় প্রতিটি শ্রেণিতে আমি ক্যাপ্টেনের দায়িত্ব পালন করেছি। স্কাউটে দলপ্রধান হিসেবে কাজ করার সময় প্রেসিডেন্সি অ্যাওয়ার্ডও পেয়েছি। পরবর্তীতে রাশিয়ায় পড়াশোনা করার সময় ইন্টারন্যাশনাল মেডিকেল স্টুডেন্ট কাউন্সিলের দায়িত্ব পালন করেছি। বর্তমানে কুষ্টিয়া জেলা ক্লিনিক হাসপাতাল ও ডায়াগনস্টিক অ্যাসোসিয়েশন ভাইস প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছি। নেতৃত্ব দেওয়া তাই আমার অভ্যাসে পরিণত হয়েছে।" তিনি আরও বলেন, "ডাক্তারি পেশায় আসার পর থেকে আমি অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করেছি। ৫ আগস্ট সরকারের পতনের পর সাধারণ মানুষের মধ্যে সৎ ও দুর্নীতিমুক্ত নেতৃত্বের চাহিদা বেড়েছে। অনেকেই বলছেন, আমি যদি সংসদ সদস্য নির্বাচিত হই, তাহলে আরও বৃহত্তর পরিসরে মানুষের উপকার করতে পারব। এই অনুপ্রেরণা থেকেই আমি স্বতন্ত্র প্রার্থী হওয়ার সিদ্ধান্ত নিয়েছি।"

তার প্রার্থিতা ঘোষণার পর মেহেরপুরে সামাজিক যোগাযোগমাধ্যমে এবং স্থানীয় চায়ের দোকানগুলোতে শুরু হয়েছে ব্যাপক আলোচনা। অনেকেই তরুণ এই চিকিৎসককে নতুন নেতৃত্ব হিসেবে দেখছেন। এদিকে আগামী বছরের ফেব্রুয়ারির আগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের প্রস্তুতি নিচ্ছে নির্বাচন কমিশন। ১৩ নভেম্বর থেকে শুরু হতে পারে রাজনৈতিক দলগুলোর সঙ্গে কমিশনের সংলাপ। ইতিমধ্যে জামায়াতে ইসলামী ও বিএনপি তাদের প্রার্থী তালিকা প্রকাশ করেছে, পাশাপাশি অন্তর্বর্তী সরকারও আনুষ্ঠানিকভাবে নির্বাচনী প্রচারণা শুরু করেছে।

## বিআরটিসি বাসের ধাক্কায় পথচারী

(প্রথম পৃষ্টার পর)

ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে। ফায়ার সার্ভিসের টিম লিডার শামীম হোসেন বলেন, স্থানীয়দের খবর পেয়ে আমরা ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করি। মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবা উদ্দিন জানান, নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন

(প্রথম পৃষ্টার পর)

সাঈদ, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব কুমার, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুস সাত্তার, জেলা ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আবদুর রাহীম, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুনসহ অন্যান্যরা। সভাগুলোতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, চোরাচালান প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলার বিভিন্ন সরকারি ও অরাজনৈতিক সংগঠনগুলোও সভায় অংশগ্রহণ করে কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। জেলা প্রশাসক সভায় অংশগ্রহণকারীদের ভবিষ্যৎ কার্যক্রম পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দেন।

## ঢাকা-১০ আসনের ভোটার হচ্ছেন

(শেষ পৃষ্টার পর)

আসন্ন নির্বাচনে এই আসনে বিএনপি এখনো প্রার্থী ঘোষণা করেনি, তবে জামায়াতে ইসলামী ইতোমধ্যে প্রার্থী ঘোষণা করেছে। জামায়াতের প্রার্থী হচ্ছেন সুপ্রিম কোর্টের আইনজীবী জসীম উদ্দিন সরকার। এর আগে উপদেষ্টা আসিফ মাহমুদ কুমিল্লা-৩ (মুরাদনগর) আসনের ভোটার ছিলেন। সেই আসন থেকেই তিনি নির্বাচনে প্রার্থী হতে পারেন–এমন আলোচনা কিছুদিন ধরে রাজনৈতিক অঙ্গনে চলছিল। সম্প্রতি গুঞ্জন ছড়ায়, বিএনপির সঙ্গে আসন সমঝোতা হলে তিনি সরকারের পদ ছাড়তে পারেন এবং ঢাকা-১০ আসন থেকে নির্বাচনে অংশ নিতে পারেন। বিএনপি এখনো এই আসনে প্রার্থী ঘোষণা না করায় সেই গুঞ্জন আরও জোরালো হয়েছে। আর আসিফ মাহমুদের এই আসনের ভোটার হতে যাওয়ার মধ্য দিয়ে সেই সম্ভাবনা আরও দৃঢ় হচ্ছে বলে রাজনৈতিক মহলে ধারণা তৈরি হয়েছে।

## পদ্মার চরে অভিযান 'ফাস্ট লাইট'

(শেষ পৃষ্টার পর)

রাজশাহী, নাটোর ও পাবনা থেকে ৫৮ জন এবং কুষ্টিয়া থেকে ৯ জন রয়েছে। অভিযান থেকে উদ্ধার করা হয়েছে ১০টি আগ্নেয়াস্ত্র, ২টি দেশীয় বন্দুক, ৬টি পিস্তল, ২৪ রাউন্ড কার্তুজ, ৫টি মোটরসাইকেল, এছাড়া কুষ্টিয়া থেকে ইঞ্জিনচালিত নৌকা, স্পিডবোর্ড ও অস্ত্র রাখার সিলিন্ডার জব্দ করা হয়েছে।" শনিবার দিনের অভিযানে পুলিশ, র‍্যাব ও এপিবিএনের ১,২০০ সদস্য অংশগ্রহণ করেন। ডিআইজি বলেন, "চরের কিছু এলাকায় কাশের খড় দখলকে কেন্দ্র করে গত ২৭ অক্টোবর কাকন বাহিনীর গুলিতে দুই ব্যক্তি নিহত হন। সেই ঘটনায় কাকন বাহিনীর একজন সদস্যও নিহত হন। এছাড়া এই বাহিনী নদীতে বড় নৌকা ও স্পিডবোটে সশস্ত্র মহড়া দিত, বালুমহল ও কাশবন দখল করত এবং মানুষ হত্যা, অপহরণ ও চাঁদাবাজির মতো অপরাধ করত।" তিনি আরও জানান, "এই অভিযান পদ্মার চরের সাধারণ মানুষকে সন্ত্রাস ও অপরাধমুক্ত করার প্রথম পদক্ষেপ। আমাদের লক্ষ্য, চরের প্রতিটি মানুষ যেন নিরাপদে বসবাস করতে পারে।

## জাহানারা ইস্যুতে বিসিবির তিন সদস্যের তদন্ত কমিটি গঠন

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ নারী ক্রিকেটে তোলপাড় সৃষ্টি করেছে সাবেক অধিনায়ক জাহানারা আলমের যৌন হয়রানির অভিযোগ। গত ৬ নভেম্বর ক্রীড়া সাংবাদিক রিয়াসাদ আজিমকে দেওয়া এক ইউটিউব সাক্ষাৎকারে জাহানারা অভিযোগ করেন, জাতীয় নারী ক্রিকেট দলের সাবেক নির্বাচক ও টিম ম্যানেজার মঞ্জুরুল ইসলাম মঞ্জু এবং প্রয়াত সাবেক ইনচার্জ তাওহীদ মাহমুদ তাকে যৌন হয়রানির শিকার করেছেন। জাহানারার দাবি, বিষয়টি তিনি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)-কে জানিয়েও কোনো প্রতিকার পাননি। তার সাক্ষাৎকার প্রকাশের পর ক্রিকেট অঙ্গনে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।



পরবর্তীতে আরও কয়েকজন নারী ক্রিকেটার মুখ খুলে বিভিন্ন অভিযোগ তুলেছেন। পাশাপাশি জাতীয় দলে থাকা কয়েকজন ক্রিকেটারের বিরুদ্ধেও আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে। এই পরিস্থিতিতে বিসিবি শনিবার (৮ নভেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, জাতীয় নারী দলের কয়েকজন সদস্যকে ঘিরে ওঠা আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ তদন্তে তিন সদস্যের অনুসন্ধান কমিটি গঠন করা হয়েছে। কমিটির কনভেনর হিসেবে আছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সাবেক বিচারপতি তারিক উল হাকিম। আর সদস্য হিসেবে রয়েছেন বিসিবির পরিচালক রুবাবা দৌলা এবং বাংলাদেশ নারী ক্রীড়া সমিতির সভাপতি ও সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার সারওয়াত সিরাজ শুক্লা।

জাহানারার অভিযোগ প্রমাণিত হলে দোষীদের যথাযথ শাস্তির দাবি জানিয়েছেন জাতীয় দলের তিন সাবেক অধিনায়ক তামিম ইকবাল, মাশরাফী বিন মোর্ত্তজা ও মুশফিকুর রহিম। অভিযুক্ত মঞ্জুরুল ইসলাম মঞ্জু এ বিষয়ে নিজের ফেসবুক স্ট্যাটাসে লিখেছেন, "অভিযোগের পর বিসিবি জানিয়েছে, একটি তদন্ত কমিটি গঠন করা হবে। ১৫ কার্যদিবসের মধ্যে কমিটি তদন্ত প্রতিবেদন জমা দিবে। এটি নিঃসন্দেহে ভালো উদ্যোগ। রাষ্ট্রীয়ভাবে যদি অন্য কোনো তদন্ত কমিটি গঠন হয়, আমি সেগুলোও ফেস করবো এবং আমার বক্তব্য তুলে ধরবো। এর আগে এ বিষয়ে কথা বলা থেকে বিরত ছিলাম।"